# ইনোভেশন ও অনুসৃত উত্তমচর্চা

(২০২০-২০২১)

তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, বাড়ি নং-৮৭, ৯৩ কমরেড ফরহাদ সড়ক নং-১১/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯।

১. ২০২০-২০২১ সালে তদন্ত সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন টিম:

| ক্রম. | সদস্যদের নাম, পদবি | ঠিকানা | |
|---|---|---|---|
| ১. | জনাব মো: আবদুর রহিম বিপিএম<br>কো-কোঅর্ডিনেটর | তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা | ইনোভেশন অফিসার |
| ২. | জনাব মো: ওবায়েদ উল্লাহ বিপিএম, উপ-পরিচালক (অতি: পুলিশ সুপার)-প্রশাসন | | সদস্য, ইনোভেশন টিম |
| ৩. | জনাব মো: আতাউর রহমান বিপিএম<br>সহকারী পরিচালক (সিনি: এএসপি) | | সদস্য, ইনোভেশন টিম |
| ৪. | জনাব মো: বদরুল আলম<br>উপ-সহকারী পরিচালক (ইন্সপেক্টর) | | সদস্য, ইনোভেশন টিম |
| ৫. | জনাব আবদুল্লাহ আল মামুন<br>উপ-সহকারী পরিচালক (ইন্সপেক্টর) | | সদস্য, ইনোভেশন টিম |

২. তদন্ত সংস্থার উদ্ভাবনী উদ্যোগসমূহ, ২০২০-২০২১

| ক্র: | উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম | উদ্ভাবনী উদ্যোগের বিবরণ | উদ্ভাবনী উদ্যোগের প্রকার | ইপ্সিত ফলাফল | চলমান/ বাস্তবায়নাধীন |
|---|---|---|---|---|---|
| ১. | স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম | মালামালের চাহিদা সম্বলিত আবেদনটি অফিস প্রধানের Seen হয়ে শাখায় আসতে অনেক সময় ব্যয় হয়। জরুরী মালামাল উত্তোলনের ক্ষেত্রে সমস্যা দেখা দিত। এই সমস্যা থেকে উত্তরণের লক্ষে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর উদ্ভাবনী উদ্যোগের আওতায় রিকুইজিশন অ্যান্ড স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার সিস্টেম চালু করার জন্য গত ১৯/১২/২০২০ তারিখে একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ জারি করা হয়েছিল। তার ধারাবাহিকতায় গত ১৫/০২/২০২১ খ্রি: তারিখে রিকুইজিশন অ্যান্ড স্টোর ম্যানেজমেন্ট সফটওয়ার সিস্টেম চালু করা হয়েছে। | প্রসেস ইনোভেশন | ১. সফটওয়ারটি চালু করায় দ্রুত সময়ের মধ্যে মালামাল গ্রহণ করা সম্ভব হচ্ছে।<br>২. পণ্যের তালিকা আপলোড থাকায় চাহিদা মোতাবেক পণ্য আছে কিনা সেটা জানা সম্ভব হচ্ছে।<br>৩. মালামাল শেষ হওয়ার পূর্বে এলার্মিং সিস্টেম থাকায় অগ্রাধিকারের ভিত্তিতে নতুন পণ্য ক্রয় করা হচ্ছে।<br>৪. এতে সময়, শ্রম এবং জনবলের সাশ্রয় হচ্ছে। | বাস্তবায়িত |
| ২. | মামলার তদন্ত | ১৯৭১ সালে সংঘটিত মানবতা বিরোধী অপরাধের মামলার তদন্ত করছে তদন্ত সংস্থা। এ পর্যন্ত ৭৭ টি মামলায় ৩২৯ জনের বিরুদ্ধে তদন্তকার্য সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ৪২ টি মামলায় ১০৫ জনের বিরুদ্ধে বিচারকার্য সম্পন্ন হয়েছে। বিচারে ৭০ জনের বিরুদ্ধে | সার্ভিস ইনোভেশন | ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত বাংলাদেশে সংঘটিত মানবতা বিরোধী অপরাধের বিচারের মাধ্যমে জাতিকে দায়মুক্ত করা হয়েছে। | বাস্তবায়িত ও চলমান |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | মৃত্যুদন্ডাদেশ, ২৫ জনের বিরুদ্ধে আমৃত্যু কারাদন্ডাদেশ ও ০১ জনের বিরুদ্ধে ২০ বছরের সাজা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে ০৬ জনের মৃত্যুদন্ডাদেশ কার্যকর করা হয়েছে। বর্তমানে ৩৩ টি মামলায় ২২২ জনের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে বিচারকার্যক্রম চলমান আছে। বর্তমানে ২৮ টি মামলায় ৪০ জনের বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন আছে। সারাদেশে বিভিন্ন আদালত, থানা ও জনগণের নিকট হতে সরাসরি এবং অনলাইনের মাধ্যমে প্রাপ্ত মোট ৬৯০ টি মামলা/অভিযোগের বিপরীতে ৩৮২৬ জনের বিরুদ্ধে অনুসন্ধান/তদন্ত মুলতবি আছে। | | | |
| ৩. | তদন্তের উপর ট্রেনিং এবং দাপ্তরিক কার্যক্রম অনলাইন করণ | তদন্তকারী কর্মকর্তাদের তদন্তের মান আন্তর্জাতিক মানে উন্নিতকরণের লক্ষ্যে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা এবং এ সংক্রান্ত সকল দাপ্তরিক কার্যক্রম অনলাইনকরণ; | প্রসেস ইনোভেশন | প্রস্তাবিত প্রশিক্ষণ উদ্যোগ বাস্তবায়িত হলে মানবতা বিরোধী অপরাধ মামলার তদন্তে তদন্তকারী কর্মকর্তাদের ভোগান্তি অনেকাংশে হ্রাস পাবে; | প্রক্রিয়াধীন |

৩. <u>২০২০-২১ সালে তদন্ত সংস্থা কর্তৃক বাস্তবায়িত সেরা উদ্ভাবনী উদ্যোগ</u>

**৩.১ উদ্যোগের শিরোনাম:**

অনলাইনে Requisition and Store Management System সফ্টওয়ারের মাধ্যমে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ব্যবহারের জন্য সহজে স্টোর থেকে মালামাল গ্রহণের ব্যবস্থাকরণ;

**৩.২ পটভূমি:**

বর্তমানে বিদ্যমান পদ্ধতিতে কর্মকর্তা/কর্মচারীদের ব্যবহারের মালামাল গ্রহণের জন্য সনাতন পদ্ধতিতে চাহিদাপত্রের মাধ্যমে আবেদন করা হত যা কষ্টসাধ্য বিষয় ছিল এবং দীর্ঘ সময় লেগে যেত। নতুন পদ্ধতি চালুর পর দ্রুত সময়ের মধ্যে মালামাল পাওয়া যাচ্ছে। যা একটি যুগান্তকারী পদক্ষেপ।

**৩.৩ উদ্যোগের কল্যাণ:**

☆ এ উদ্যোগ বাস্তবায়নের ফলে কর্মকর্তা/কর্মচারীদের চাহিত মালামাল গ্রহণে ব্যবহৃত চাহিদাপত্র প্রদান, সময় ও শ্রমের সাশ্রয় হচ্ছে।

☆ কর্মকর্তা/কর্মচারীদের মালামাল গ্রহণে বিভিন্ন দপ্তরে ঘুরাঘুরি করা লাগে না।

৪. তদন্ত সংস্থার ইনোভেশন সম্পর্কিত ফটো গ্যালারী



আর্কাইভস অধিদপ্তরে গুরুত্বপূর্ণ মামলার নথি হস্তান্তর অনুষ্ঠানে




স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উপলক্ষে শোভাযাত্রায় তদন্ত সংস্থা





২০২০-২০২১ সালে উদ্ভাবনী মেলার উদ্বোধনী অনুষ্ঠান।

৫. <u>অদ্যাবধি অনুসৃত উত্তম চর্চাসমূহ:</u>

(১) কোভিড-১৯ প্রতিরোধে গৃহিত পদক্ষেপসমূহ:

উহান শহরে উদ্ভুত করোনা ভাইরাস (কোভিড-১৯) ইতোমধ্যে বিশ্বব্যাপি ছড়িয়ে পড়েছে। বাংলাদেশেও এ ভাইরাসের আক্রমণে সহস্রাধিক মৃত্যুর ঘটনা ঘটেছে। সারাবিশ্বে এ পর্যন্ত প্রায় ১২ কোটি মানুষ আক্রান্ত হয়েছে এবং প্রায় ২৬ লক্ষ লোক মৃত্যুবরণ করেছে। বর্তমানে উক্ত ভাইরাসের বিস্তার অব্যাহত আছে। আশার কথা এ ভাইরাস মোকাবেলায় ইতোমধ্যে ভ্যাকসিনসহ বেশকিছু ঔষুধ আবিষ্কার হয়েছে। করোনা ভাইরাস বিস্তার রোধ করার লক্ষে তদন্ত সংস্থা নিম্নরূপ পদক্ষেপ গ্রহন করেছে:

* তদন্ত সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে Vaccine প্রদান করা হচ্ছে এবং বাধ্যতামূলক মাস্ক, হ্যান্ডগ্লাভস পরিধানসহ পরিচ্ছন্নতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

* তদন্ত সংস্থায় সাক্ষী, অতিথী কিংবা দর্শনার্থীদের প্রবেশে মাস্ক বাধ্যতামূলক করা হয়েছে, সরকারের 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service' নীতি বাস্তবায়ন করা হচ্ছে এবং অফিসের সামনে দৃশ্যমান স্থানে এই সকল ব্যানার টানানো আছে। করোনা ভাইরাস পরীক্ষান্তে বিজ্ঞ আদালতে সাক্ষীদের হাজির করা হচ্ছে।

* প্রবেশ পথে সাবান দিয়ে হাত ধোয়া, স্যানিটাইজেশন বাধ্যতামূলক এবং ট্রে এর উপর স্যানিটাইজেশন দিয়ে জুতার জীবানুমুক্ত করে অফিসে প্রবেশের ব্যবস্থা করা আছে।

* অফিসে আগত সকল কর্মকর্তা/কর্মচারী ও দর্শনার্থীদের শরীরের তাপমাত্রা নির্ণয়ের জন্য থার্মোস্টেট পরিমাপক যন্ত্র ব্যবহার করা হচ্ছে।

* পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করত: স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অফিস আদেশ করা হয়েছে এবং তা বাস্তবায়িত হচ্ছে।

* অত্র সংস্থায় প্রতিমাসে ৩৫০/৪০০ দর্শনার্থী আগমন করেন। সবার ক্ষেত্রে তাপমাত্রা নির্ণয়, স্যানিটাইজেশন ও কোভিড-১৯ প্রতিরোধে সকল ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

* অত্র সংস্থায় সকল কর্মকর্তা/কর্মচারীদের প্রবেশে কড়াকড়ি, কোভিড-১৯ সতর্কতা বাস্তবায়নের জন্য নির্দেশ দেয়াসহ সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

* অত্র তদন্ত সংস্থা কর্তৃক সরকারের স্বাস্থ্যবিধি সঠিকভাবে মেনে সকল পদক্ষেপ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত চ্যালেঞ্জ, যে কোনো মূল্যে বাস্তবায়ন করার নীতি গ্রহণ করে বাস্তবায়ন করা হচ্ছে।

* কোনো কর্মকর্তা/কর্মচারী অসুস্থ্যবোধ করলে সাথে সাথে ডাক্তারের পরামর্শ গ্রহণ, প্রয়োজনে হাসপাতালে ভর্তি করার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

* কোভিড-১৯ এর প্রতিরোধে গৃহীত সকল ব্যবস্থার ব্যয় তদন্ত সংস্থার বাজেটের কোড নং-৩২৫৫১০৫, ৩২৫৭৩০২ এবং ৩২৫৮১০৫ হতে ব্যয় করা হচ্ছে। এ যাবত অত্র সংস্থা হতে প্রায় ১,০৫,২৫২/- টাকা ব্যয়িত হয়েছে। এই ক্ষেত্রে অত্র সংস্থায় আলাদা কোনো বাজেট বরাদ্দ রাখা হয় নাই।

* বাংলাদেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী মোকাবেলায় গৃহীত যাবতীয় পদক্ষেপ অব্যাহত থাকবে। ভবিষ্যতে এই মহামারী মোকাবেলায় সরকারের গৃহীত যাবতীয় পদক্ষেপ এবং নির্দেশনাবলী যথাযথভাবে পালন করা হবে।

* করোনা (কোভিড-১৯) মোকাবেলায় সরকারের গৃহীত পদক্ষেপের সাথে তদন্ত সংস্থার কঠোর অনুশাসনের ফলে এ পর্যন্ত এই মহামারীতে অত্র সংস্থায় কর্মরত ১৭১ জনের মধ্যে ৭ জন করোনায় আক্রান্ত হয়ে ৬ জন সুস্থ্য হয়েছে এবং ০১ জন মৃত্যুবরণ করেছেন।

* আগত সাক্ষী এবং দর্শণার্থীদেরকে নিরাপদ দুরত্ব বজায় রেখে বসানোর ব্যবস্থা করা হয়েছে।

* অফিস চলাকালে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদেরকে নিরাপদ দূরত্ব বজায় রেখে নিজ নিজ কর্মসম্পাদনের ব্যবস্থা করা হয়েছে।

৬. **তদন্ত সংস্থার সেবা পদ্ধতি সহজিকরণ:**

**সেবার নাম: ছুটি সহজিকরণ**

| বিদ্যমান পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|
| ১. কোঅর্ডিনেটরের বরাবরে আবেদনপত্র দাখিল<br>২. শাখায় প্রেরণ<br>৩. শাখা হতে নথিতে সহকারী পরিচালকের (প্র:) নিকট প্রেরণ<br>৪. সহকারী পরিচালক প্রশা: হতে ডিডি এড. এর নিকট প্রেরণ<br>৫. ডিডি এডমিন হতে কো-কোঅর্ডিনেটরের নিকট প্রেরণ<br>৬. কো-কোঅর্ডিনেটর মহোদয় চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন। | ১. কোঅর্ডিনেটরের বরাবরে আবেদনপত্র দাখিল<br>২. শাখায় প্রেরণ<br>৩. শাখা হতে নথিতে সহকারী পরিচালকের (প্র:) নিটক প্রেরণ এবং চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ। |

**নিষ্পত্তির সময়:**

| বিদ্যমান পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|
| ০৩ কার্যদিবস | ০১ কার্যদিবস |

**বিশ্লেষণ:**

| ক্ষেত্র | বিদ্যমান পদ্ধতি | বর্তমান পদ্ধতি |
|---|---|---|
| সময় | ০৩/০৪ কার্যদিবস | ০১ কার্যদিবস |
| খরচ | (০) শূন্য | (০) শূন্য |
| ভিজিট | ০৪ কার্যদিবস | ০১ কার্যদিবস |
| ধাপ | ০৬টি | ০৩টি |
| জনবল | ০৫ | ২ |

বিদ্যমান প্রসেসম্যাপ:

ধাপ সংখ্যা: ০৬
সম্পৃক্ত জনবল: ০৪
সময়: ০৩/০৪ কার্যদিবস

শুরু

| কার্যক্রম | ধাপ | দায়িত্ব ও সময় |
|---|---|---|
| কোঅর্ডিনেটর বরাবর আবেদন দাখিল | ০১ | P: আবেদনকারী T: ০১ দিন |
| শাখায় প্রেরণ | ০২ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা T: ০২ দিন |
| শাখা হতে নথিতে সহকারী পরিচালকের (প্র:) নিকট প্রেরণ | ০৩ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী T: ০৩ দিন |
| সহকারী পরিচালক প্রশা: হতে ডিডি এড. এর নিকট প্রেরণ | ০৪ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী T: ০৩/০৪ দিন |
| ডিডি এডমিন হতে কো-কোঅর্ডিনেটরের নিকট প্রেরণ | ০৫ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী T: ০৪ দিন |
| কো-কোঅর্ডিনেটর মহোদয় চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ | ০৬ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা T: ০৪ দিন |

শেষ

**বাস্তবায়িত প্রসেসম্যাপ:**

ধাপ সংখ্যা: ০৩
সম্পৃক্ত জনবল: ০২
সময়: ০১ কার্যদিবস

শুরু

| | | |
|---|---|---|
| কোঅর্ডিনেটর বরাবর আবেদন দাখিল | ০১ | P: আবেদনকারী T: ০১ দিন |
| শাখায় প্রেরণ | ০২ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও উপস্থাপনকারী T: ০১ দিন |
| শাখা হতে নথিতে সহকারী পরিচালকের (প্র:) নিকট প্রেরণ | ০৩ | P: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা T: ০১ |